**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অধ্যক্ষের কার্যালয়
চৌমুহনী সরকারি এস.এ কলেজ
CHAUMUHANI GOVT. S.A COLLEGE
ডাকঘর: চৌমুহনী, উপজেলা: বেগমগঞ্জ, জেলা: নোয়াখালী। ফোন: ০৩২১-৫১০৩০, ফ্যাক্স: ০৩২১-৫৬৩০১,
মোবাইল নং- ০১৯৪৪৪০০৬০৫, ০১৩০৯১০৭২৫৩।
কলেজ কোড: ০০৯৩, শিক্ষা বোর্ড কোড: ৬০৭৫, বিশ্ববিদ্যালয় কোড : ৪২০৭, পোষ্ট কোড: ৩৮২১, ইআইআইএন নং: ১০৭২৫৩।
Web site: www.cgsacollege.edu.bd E-mail:cgsa.college@yahoo.com

তারিখ ঃ ১৪/০৬/২০২১

# "বিজ্ঞপ্তি"

এতদ্বারা ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ১ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট (অ্যাসাইনমেন্ট নম্বর-০১) নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী গ্রহন করা হবে ঃ

## ব্যবসায় শিক্ষা শাখা

| তারিখ ও বার | সময় | রোল নম্বর | জমার স্থান |
|---|---|---|---|
| ২০/০৬/২০২১, রবিবার | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত | ৩০০১ থেকে ৩৪০০ | হিসাববিজ্ঞান বিভাগ |
| ২১/০৬/২০২১, সোমবার | দুপুর ০২.০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত | ৩৪০১ থেকে অবশিষ্ট | হিসাববিজ্ঞান বিভাগ |

## বিজ্ঞান শাখা

| তারিখ ও বার | সময় | রোল নম্বর | জমার স্থান |
|---|---|---|---|
| ২০/০৬/২০২১, রবিবার | দুপুর ০২.০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত | ২০০১ থেকে ২২৫০ | পদার্থবিজ্ঞান বিভাগ |
| ২১/০৬/২০২১, সোমবার | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত | ২২৫১ থেকে অবশিষ্ট | পদার্থবিজ্ঞান বিভাগ |

## মানবিক শাখা

| তারিখ ও বার | সময় | রোল নম্বর | জমার স্থান |
|---|---|---|---|
| ২১/০৬/২০২১, রবিবার | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত | ১০০১ থেকে ১২০০ | কক্ষ নম্বর ১০৭ |
| ২১/০৬/২০২১, সোমবার | দুপুর ০২.০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত | ১২০১ থেকে অবশিষ্ট | কক্ষ নম্বর ১০৭ |

## নিয়মাবলী ঃ

১। কভার পেইজে শিক্ষার্থীর নাম, শ্রেণি, রোল নম্বর, বিষয়, অ্যাসাইনমেন্ট নম্বর ও অ্যাসাইনমেন্ট শিরোনাম, উল্লেখ করতে হবে।
২। A4 কাগজে স্বহস্তে লিখে (প্রতি পাতায় অপর পৃষ্ঠা খালি থাকবে) স্টাপল করে জমা দিতে হবে। (বাইন্ডিং এর প্রয়োজন নেই)
৩। শিক্ষার্থীদের উত্তরে নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা থাকতে হবে। তাই গাইড বই, নোট বা অন্যের লেখা কপি করা যাবে না।

## স্বাস্থ্যবিধি সম্পর্কিত সতর্কীকরণ ঃ

১। অ্যাসাইনমেন্ট জমা দেয়ার সময় শিক্ষার্থীদের মাস্ক পরা বাধ্যতামূলক এবং হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে।
২। সর্দি, কাশি, জ্বর বা শ্বাসকষ্ট নিয়ে বা করোনা আক্রান্ত শিক্ষার্থীগণ বা অভিভাবকগণ কলেজ ক্যাম্পাসে প্রবেশ করবেন না।
৩। এছাড়া অন্যান্য স্বাস্থ্যবিধি যথাযথ অনুসরণ করতে হবে।

১৪/৬/২০২১

অধ্যক্ষ
চৌমুহনী সরকারি এস এ কলেজ
বেগমগঞ্জ, নোয়াখালী।

অধ্যক্ষ
চৌমুহনী সরকারি এস এ কলেজ
চৌমুহনী, নোয়াখালী।

আহবায়ক
একাদশ শ্রেণির অ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন কমিটি
চৌমুহনী সরকারি এস এ কলেজ, নোয়াখালী।

# অ্যাসাইনমেন্ট বিষয়

## বাংলা

**(বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার জন্য)**

**অ্যাসাইনমেন্টের শিরোনাম ঃ** ‘অপরিচিতা’ গল্প এবং বাস্তব দৃষ্টান্তের ভিত্তিতে নারীর এগিয়ে চলার পথে সহায়ক ভূমিকা চিহ্নিতকরণ।

**নির্দেশনা (যা করতে হবে) ঃ**

১। ‘অপরিচিতা’ গল্প অনুসরণে কল্যাণীর সংকট এবং এ থেকে বেরিয়ে আসার জন্য তার দৃঢ়চেতা মনোভাবের পরিচয় দাও।

২। অনুপম এবং অন্যদের ভূমিকা ইতিবাচক হলে কল্যাণীর জীবন কেমন হতে পারত, এর বিবরণ দাও।

৩। বাস্তব অভিজ্ঞতা থেকে চেনা/জানা কোনো নারীর এগিয়ে চলার পথে প্রতিবন্ধকতাগুলো নির্দিষ্টভাবে চিহ্নিত কর।

৪। পঠিত গল্প ও চেনা/জানা ঘটনার পরিপ্রেক্ষিতে নারীর এগিয়ে চলার পথে সহায়ক ভূমিকাগুলো চিহ্নিত কর।

**[বিঃদ্রঃ শব্দ প্রয়োগ, বাক্য গঠন, বানান ও বিরামচিহ্নের সঠিক ব্যবহারের উপর ভিত্তি করে অ্যাসাইনমেন্ট মূল্যায়ন করা হবে।]**

## পদার্থবিজ্ঞান

**(বিজ্ঞান শাখার জন্য)**

**অ্যাসাইনমেন্টের শিরোনাম ঃ**





Fig-1

তুমি 20 $ms^{-1}$ বেগে একদম খাড়াভাবে একটি 400gm ভরের ক্রিকেট বল উপরের দিকে ছুড়ে মারলে।

(ক) বলটির বেগ বনাম সময়ের গ্রাফ আকোঁ।
(খ) গতিপথে সর্বোচ্চ বিন্দুতে বলটির বেগ কত।
(গ) ঐ বিন্দুতে ত্বরণ কত?
(ঘ) ঐখানে ক্রিকেট বলটির উপর ক্রিয়ারত মোট বল কত?
(ঙ) Fig-1 এ 1.5kg ভরটি একটি টেবিলের উপর স্থির অবস্থান আছে। 2 kg ভরের আরেকটি ভর একটি অসম্প্রসারণশীল সূতা দিয়ে ঝোলানো হলো। টেবিল ও 1.5 kg ভরের মাঝে ঘর্ষণ গুণাঙ্ক 0.2।
(১) ভরদ্বয়ের ত্বরণ কত? সুতাটি অসম্প্রসারণশীল না হলে তোমার উত্তরের কী পরিবর্তন হতো?
(২) সূতার টান কত?
(৩) 2kg ভরের সরণ বনাম সময় গ্রাফ আকোঁ?

**নির্দেশনা ঃ** গতিবিদ্যা ও নিউটনিয়ান বলবিদ্যা

## পৌরনীতি ও সুশাসন

**(মানবিক শাখার জন্য)**

**অ্যাসাইনমেন্টের শিরোনাম ঃ** নাগরিক সভ্যতার ক্রমবিকাশে পৌরনীতি ও সুশাসনের ধারনা বিশ্লেষণপূর্বক একটি নিবন্ধ রচনা কর।

**নির্দেশনা (যা করতে হবে) ঃ**

* পৌরনীতি ও সুশাসনের ধারণা
* পৌরনীতি ও সুশাসনের পরিধি
* সুশাসনের বৈশিষ্ট্য
* পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশ

অধ্যক্ষ
চৌমুহনী সরকারি এস এ কলেজ
চৌমুহনী, নোয়াখালী।

# হিসাববিজ্ঞান

## (ব্যবসায় শিক্ষা শাখার জন্য)

**অ্যাসাইনমেন্টের শিরোনাম ঃ** হিসাবচক্রের ধাপ অনুসরণ করে লেনদেন চিহ্নিতকরণ, লিপিবদ্ধকরণ, হিসাবের বই প্রস্তুতকরণ এবং হিসাব সমীকরণে প্রভাব প্রদর্শন :

গৌতম এন্টারপ্রাইজ এর ৩১ জানুয়ারী ২০২১ সালের হিসাব উদ্বৃত্তগুলো নিম্নরূপ ছিল : নগদ ৮০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ৩০,০০০ টাকা, দেনাদার ৪০,০০০ টাকা ও পাওনাদার ৪৫,০০০ টাকা। ২০২১ সালের ফেব্রুয়ারী মাসে তার ব্যবসায়ে সংঘটিত ঘটনাগুলো নিম্নরূপ :

ফেব্রুয়ারী ১ : দক্ষ ম্যানেজার ২০,০০০ টাকা বেতনে যোগদান করেন।

ফেব্রুয়ারী ৫ : ১৩% প্রদেয় নোটে স্বীকৃতি দানের মাধ্যমে ব্যাংক থেকে ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।

ফেব্রুয়ারী ৬ : তিন মাসের শো-রুম ভাড়া অগ্রিম প্রদান করা হলো ১৫,০০০ টাকা।

ফেব্রুয়ারী ১২ : ইনস্যুরেন্স প্রিমিয়াম পরিশোধ করা হলো ১,২০০ টাকা।

ফেব্রুয়ারী ১৪ : ১,০০,০০০ টাকার অফিস সরঞ্জাম ক্রয়ের জন্য চুক্তি স্বাক্ষর করলেন।

ফেব্রুয়ারী ১৬ : ৩% কারবারি বাট্টায় পণ্য বিক্রয় করা হলো ১,২০,০০০ টাকা (নগদে ৬০%, ধারে ৪০%)।

ফেব্রুয়ারী ১৮ : মালিক কর্তৃক নগদ উত্তোলন করা হলো ৩০,০০০ টাকা।

ফেব্রুয়ারী ২০ : একজন দেনাদারের নিকট থেকে ৩০,০০০ টাকা পাওয়া গেল।

ফেব্রুয়ারী ২২ : প্রাপ্য বিলের মাধ্যমে পণ্য বিক্রয় করা হলো ৫,০০০ টাকা।

ফেব্রুয়ারী ২৫ : মালিকের বড় মেয়ের জীবন বিমার প্রিমিয়াম বাবদ পরিশোধ করা হলো ১০,০০০ টাকা।

ফেব্রুয়ারী ২৮ : অগ্রিম প্রদত্ত ভাড়ার ০১ মাস অতিক্রান্ত হয়েছে।

**(ক)** ৫, ৬, ১৬, ২৮ তারিখের লেনদেনগুলো হিসাব সমীকরণে প্রভাব দেখাও।

**(খ)** ১২, ১৮, ২২, ২৫ তারিখের লেনদেনগুলো গৌতম এন্টারপ্রাইজ এর হিসাব বইতে লিপিবদ্ধ করো। (ব্যাখ্যা ব্যতীত)

**(গ)** সংশ্লিষ্ট খতিয়ান হিসাব প্রস্তুত করো।

**(ঘ)** হিসাবচক্র (চিত্রসহ) ব্যাখ্যা কর।

**নির্দেশনা ঃ**

(ক) লেনদেন চিহ্নিতকরণ ও প্রারম্ভিক উদ্বৃত্তসহ (ট্যেবুলার ছক) অন্তর্ভূক্ত করতে হবে।

(খ) হিসাবের শ্রেণিবিভাগ ও ডেবিট-ক্রেডিট নির্ণয় করতে হবে।

(গ) চলমান জের ছক অনুসরণ করতে হবে।

(ঘ) ১ম-৫ম ধাপ পর্যন্ত ব্যাখ্যা কর।

১৪/১/২১

অধ্যক্ষ
চৌমুহনী সরকারি এস এ কলেজ
বেগমগঞ্জ, নোয়াখালী।

অধ্যক্ষ
চৌমুহনী সরকারি এস এ কলেজ
চৌমুহনী, নোয়াখালী।

আহবায়ক
একাদশ শ্রেণির অ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন কমিটি
চৌমুহনী সরকারি এস এ কলেজ, নোয়াখালী।